গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

ং-১০.০০.০০০০.১২৫.২৭.০০৮.১৫.৭১৪

তারিখঃ ১১ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সাতক্ষীরা জজশীপের সাবেক সহকারী জজ বর্তমানে রাজশাহী জজশীপের একই পদে কর্মরত জনাব সুব্রত মল্লিক এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) অনুযায়ী **'অসদাচরণ'**র অভিযোগে বিভাগীয় মোকদ্দমা নং ০১/২০১৫ দায়ের করা হয়;

যেহেতু বিভাগীয় মোকদ্দমা নং ০১/২০১৫ এর তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা জনাব সুব্রত মল্লিক এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীত ভাবে প্রমানিত হওয়া সত্ত্বেও নবীন কর্মকর্তা বিবেচনায় সরকার তাঁকে গুরুদন্ড প্রদান না করে লঘুদন্ড হিসেবে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ বিধি ৪ (২) (বি) অনুযায়ী **''০৫ (পাঁচ) বছরের জন্য তাঁর পদোন্নতি স্থগিত রাখার''** সিদ্ধান্ত গ্রহণ করতঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টে প্রস্তাব প্রেরণ করলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের প্রস্তাবের সাথে একমত পোষণ না করে তাঁকে ভবিষ্যতের জন্য সতর্ক করে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের পরামর্শ প্রদান করে।

সেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শের আলোকে অভিযুক্ত কর্মকর্তা সাতক্ষীরা জজশীপের সাবেক সহকারী জজ বর্তমানে রাজশাহী জজশীপের একই পদে কর্মরত জনাব সুব্রত মল্লিক-কে ভবিষ্যতের জন্য সতর্ক করে বিভাগীয় মোকদ্দমা নং ০১/২০১৫ এর আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ

(আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক)
সচিব।

নং-১০.০০.০০০০.১২৫.২৭.০০৮.১৫.৭১৪/১(১০)

তারিখঃ ১১ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা জজ, সাতক্ষীরা/রাজশাহী।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৬। উপ-পরিচালক, ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮। জনাব সুব্রত মল্লিক, সহকারী জজ, রাজশাহী।
৯। গার্ড ফাইল।
১০। অফিস কপি।

২৬/৯/১৭

(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১।